

২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

জুলাই/২০২৪-আগস্ট/২০২৪

উপজেলা - ঝিকরগাছা

জেলা - যশোর।

সভাপতিঃ জনাব লুবনা তাস্কী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, ঝিকরগাছা, যশোর, তারিখ ও সময়ঃ ২৮/০৮/২০২৪ খ্রিঃ সকাল -১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যুব শোটি দেশের মূল্যবান সম্পদ। দেশের জনগোষ্ঠীর সবচেয়ে কর্মঠ, উৎপাদনশীল অংশই হলো যুব সমাজ। জনসংখ্যার বৃদ্ধির সাথে সাথে বাড়ছে বেকারত্ব, সে অনুপাতে বাড়ছে না কর্মসংস্থান। বেকারত্ব, দারিদ্রতা ও সঠিক পথের দিক নির্দেশনার অভাবেও অনেক যুবক/যুব মহিলা জড়িত হয়ে পড়ছে বিভিন্ন জর্জি ও সন্ত্রাসী কর্মকাণ্ডে। ফলে সমাজে বাড়ছে অপরাধ তৎপরতা। এ সমস্যা সমাধানে বেকার যুবক/যুব মহিলাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করে তাদেরকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা বিশেষ প্রয়োজন।

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন অনেক বেকার যুব কর্মসংস্থানের অভাবে বিপথে পা বাড়ানোর ফলে সামাজিক বিশৃঙ্খলা দেখা দেয়। বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন রয়েছে। তিনি আরো বলেন বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি খেলাধুলার প্রসার ঘটাতে পারলে যুব সমাজ বিভ্রান্তির পথে পা না বাড়ারে পারস্পারিক ভ্রাতৃত্ববোধে আবদ্ধ হবে, যুবদের মধ্যে আনন্দ উদ্দীপনা ও পারস্পারিক সৌহার্দপূর্ণ সম্পর্ক উন্নয়নের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের জনগণের মাঝে সুস্থ্য বিনোদনের সৃষ্টি হবে, ইভটিজিং, মাদকাসক্ত, জর্জি ও সন্ত্রাসী নাশকতা হ্রাস পাবে। এ লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী সরবরাহের প্রয়োজন রয়েছে।

জনাব লুবনা তাস্কী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা যুব মহিলাদের সেলাই মেশিন সরবরাহসহ পোষাক তৈরী প্রশিক্ষণ প্রদান প্রকল্প গ্রহণ করা হলে বেকার যুব মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

জনাব মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা বলেন যুব সমাজকে খেলাধুলার প্রতি আকৃষ্ট করার জন্য উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহের পাশাপাশি বেকার যুবদের আত্মকর্মসংস্থানের জন্য ই-কর্মস বিকল্প প্রশিক্ষণ প্রশিক্ষণ প্রদান প্রকল্প গ্রহণ করা হলে বেকার যুবদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। উপজেলা সমবায় অফিসার উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন বিভিন্ন সমবায় সমিতির সদস্যসহ বেকার যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা গেলে তারা কর্মসংস্থানে নিয়োজিত হতে পারবে।

ক. ঋণ বিতরণ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা		জুলাই/২০২৪ খ্রিঃ মাসে ঋণ বিতরণ		২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণ	
		টাকা	জন	টাকা	জন	ঋণ গ্রহিতার সংখ্যা	ঋণের পরিমাণ
০১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	২৮,০০,০০০/-	৩৮	-	-	০০ জন	০০ টাকা
০২	ঋণ কর্মসূচি (পরিবারভিত্তিক)	৪,৮০,০০০/-	৪০	-	-	০০ জন	০০ টাকা
০৩	ঋণ কর্মসূচি (যুব উদ্যোক্তা)	৬,০০,০০০/-	৩	-	-	০০ জন	০০ টাকা
	মোট	৩৮,৮০,০০০/-	৯৩	-	-	০০ জন	০০ টাকা

খ. ঋণ আদায়ঃ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	জুলাই/২০২৪ খ্রিঃ মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ	জুলাই/২০২৪ খ্রিঃ মাসে আদায়কৃত টাকার পরিমাণ	আদায়ের শতকরা হার
০১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	৪২৩১৬৯ টাকা	৪০৮৬৫৭ টাকা	৯৬.৫৭%
০২	ঋণ কর্মসূচি (পরিবারভিত্তিক)	৩৮৪০০ টাকা	৩৮৪০০ টাকা	১০০ %

ক. ঋণ বিতরণ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা		আগস্ট/২০২৪ খ্রিঃ মাসে ঋণ বিতরণ		২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণ	
		টাকা	জন	টাকা	জন	ঋণ গ্রহিতার সংখ্যা	ঋণের পরিমাণ
০১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	২৮,০০,০০০/-	৩৮	২৬০০০০	০৪	০৪ জন	২৬০০০০ টাকা
০২	ঋণ কর্মসূচি (পরিবারভিত্তিক)	৪,৮০,০০০/-	৪০	-	-	০ জন	০ টাকা
০৩	ঋণ কর্মসূচি (যুব উদ্যোক্তা)	৬,০০,০০০/-	৩	-	-	০ জন	০ টাকা
	মোট	৩৮,৮০,০০০/-	৯৩	২৬০০০০	০৪	০৪ জন	২৬০০০০ টাকা

খ. স্থান আদায়ঃ

ক্র.সং.	স্থান কর্মসূচির নাম	আগষ্ট/২০২৪ খ্রিঃ মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ	আগষ্ট/২০২৪ খ্রিঃ মাসে আদায়কৃত টাকার পরিমাণ	আদায়ের শতকরা হার
১	স্থান কর্মসূচি (আত্মকর্ম)	৩৪২৩৬৭ টাকা	৩১১৮৭৩ টাকা	৯১.০৯%
২	স্থান কর্মসূচি(পরিবারিকিতিক)	৩৮৪০০ টাকা	৩৮৪০০ টাকা	১০০%

প্রশিক্ষণ (আত্মকর্ম রাজস্ব) : ২০২৪-২০২৫ অর্থবছরে অত্র উপজেলায় ১৪ টি ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ পরিচালনা করা হয়। জুলাই/২৪ হতে আগষ্ট/২৪ কোন প্রশিক্ষণ হয় নাই।

ইমপ্যাক্ট ৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প : "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক ২০২৪-২০২৫ অর্থ বছরে ০৫ (পাঁচ) টি ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করা হয়। জুলাই/২৪ হতে আগষ্ট/২৪ কোন প্রশিক্ষণ হয় নাই।

সিদ্ধান্ত: উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয় এবং চলতি অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা (এডিপি) এর আওতায় প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(লুবনা তাস্কী)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি

ঝিকরগাছা, যশোর।



তারিখঃ ২৮/০৮/২০২৪ খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.৪১২৩.০০০.০৬.০০২.২২-

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।


১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর

৪। ----- সদস্য (সকল), যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।

৫। অফিস কপি।



(মোঃ তোফাজ্জল হোসেন)

উপজেলা যুব উন্নয়ন অফিসার

ও

সদস্য- সচিব

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি

ঝিকরগাছা, যশোর।



উপস্থিত সদস্যদের তালিকা "ক"

ক্র.সং.	নাম ওপদবী	ঠিকানা	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
২	উপজেলা সমবায় কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
৩	চেয়ারম্যান, ঝিকরগাছা ইউ,পি	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
	চেয়ারম্যান, বাকড়া ইউ,পি	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট